নবম অধ্যায়

রাষ্ট্রীয় মালিকানাধীন সংস্থা

রাষ্ট্রায়ত্ত খাতের সংস্থাসমূহ বিভিন্ন সেবা বিশেষ করে বিদ্যুৎ, জ্বালানি, গ্যাস ও পরিবহন খাতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। ২০১৭-১৮ অর্থবছরে দেশে বিদ্যমান সকল অ-আর্থিক রাষ্ট্রায়ত্ত সংস্থায় মোট পরিচালন রাজস্ব ছিল ১,৭৪,৩৬১.১৪ কোটি টাকা, যা ২০২১-২২ অর্থবছরে বৃদ্ধি পেয়ে ২,২৭,৯৫৩.২৬ কোটি টাকায় দাঁড়িয়েছে। উৎপাদন ব্যয়ের নিরিখে ২০১৭-১৮ অর্থবছরে মূল্য সংযোজনের পরিমাণ ছিল ১৯,৩৭৫.২৪ কোটি টাকা, যা ২০২১-২২ অর্থবছরে বৃদ্ধি পেয়ে ২২,৭৮৮.৬৮ কোটি টাকায় দাঁড়িয়েছে। ২০২১-২২ অর্থবছরের হিসাব মতে, সামগ্রিকভাবে এসব সংস্থার নীট মুনাফা হয়েছে ৪,৮০৮.৫৫ কোটি টাকা। অন্যদিকে যেসব সংস্থা মুনাফা করেছে তার লভ্যাংশ হিসেবে একই সময়ে ৮৭৯.৮৪ কোটি টাকা সরকারি কোষাগারে জমা করেছে। ২০২১-২২ অর্থবছরে রাষ্ট্রীয় সংস্থার নিকট মোট ডিএসএল বাবদ পাওনার পরিমাণ ১,৮৩,১৭০.৩৬ কোটি টাকা। ২৮ ফেব্রুয়ারি, ২০২৩ পর্যন্ত রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংকের নিকট ৩০টি রাষ্ট্রীয় সংস্থার মোট ঋণের পরিমাণ ৫৯,৭৩০.৯৬ কোটি টাকা, যার মধ্যে শ্রেণিবিন্যাসিত ঋণের পরিমাণ হচ্ছে ১৮৪.৭৬ কোটি টাকা। ২০১৭-১৮ অর্থবছরে রাষ্ট্রায়ত্ত খাতের মোট সম্পদের ওপর পরিচালন মুনাফার হার ১.৫০ শতাংশ হলেও ২০২১-২২ অর্থবছরে তা ০.৭৩ শতাংশে দাঁড়িয়েছে। পরিচালন রাজস্বের উপর নীট মুনাফার হার ২০২১-২২ অর্থবছরে ০.৭৫ শতাংশ এবং ইক্যুইটির উপর লভ্যাংশের হার ০.৪৪ শতাংশ দাঁড়িয়েছে। সম্পদের টার্নওভার পর্যালোচনায় দেখা যায়, ২০২১-২২ অর্থবছরের সম্পদ ব্যবহারে দক্ষতা ২০১৯-২০ অর্থবছরের তুলনায় সামান্য বৃদ্ধি পেয়েছে।

জাতীয় উৎপাদনশীলতা, মূল্যসংযোজন, কর্মসংস্থান ও রাজস্ব আয় বৃদ্ধিতে রাষ্ট্রায়ত্ত খাতের অবদান উল্লেখযোগ্য। দেশীয় শিল্প ও বাণিজ্যের ক্ষেত্রে ক্রমসম্প্রসারণশীল ব্যক্তি খাতের বিনিয়োগের আওতা ও গভীরতা বৃদ্ধির পাশাপাশি রাষ্ট্রীয় খাতের বিনিয়োগও বৃদ্ধি পাচ্ছে। রাষ্ট্রীয় মালিকানাধীন সংস্থার অ-আর্থিক (Non financial) শ্রেণীভুক্ত মোট ৪৮টি রাষ্ট্রায়ত্ত সংস্থাকে বাংলাদেশ স্ট্যান্ডার্ড ইন্ডাস্ট্রিয়াল ক্লাসিফিকেশন (BSIC) অনুযায়ী ৭টি সেক্টরে বিভক্ত করে রাষ্ট্রায়ত্ত খাতের অর্থনৈতিক ও আর্থিক বিশ্লেষণ সম্পন্ন করা হয়েছে। সারণি ৯.১-এ এসব সংস্থার শ্রেণিবিন্যাস দেখানো হলোঃ

সারণি ৯.১: রাষ্ট্রায়ত্ত সংস্থাসমূহ (অ-আর্থিক)

ক্র: নং	সেক্টর	সংস্থার সংখ্যা	সংস্থার নাম
১।	শিল্প	৬টি	বাংলাদেশ বস্ত্রশিল্প কর্পোরেশন, বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন এবং বাংলাদেশ পাটকল কর্পোরেশন।
২।	বিদ্যুৎ, গ্যাস ও পানি	৬টি	বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ, খুলনা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ, চট্রগ্রাম পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ এবং রাজশাহী পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ।
৩।	পরিবহণ ও যোগাযোগ	৭টি	বাংলাদেশ শিপিং কর্পোরেশন, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্পোরেশন, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, মংলা বন্দর কর্তৃপক্ষ, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ এবং বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ।
৪।	বাণিজ্য	৩টি	বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন, বাংলাদেশ জুট কর্পোরেশন এবং ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ।
৫।	কৃষি ও মৎস্য	২টি	বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন এবং বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন।
৬।	নির্মাণ	৬টি	চট্রগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ, কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ এবং জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ।
৭।	সার্ভিস (সেবাসমূহ)	১৮টি	বাংলাদেশ মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্ট, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ--পরিবহন কর্তৃপক্ষ, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ, বাংলাদেশ তাঁত বোর্ড (বস্ত্র প্রক্রিয়াকরণ কেন্দ্র), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, বাংলাদেশ রপ্তানি উন্নয়ন ব্যুরো, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন, বাংলাদেশ চা বোর্ড, বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র এবং বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ।

উৎসঃ মনিটরিং সেল, অর্থ বিভাগ। (৪৮টি রাষ্ট্রায়ত্ত খাতের অর্থনৈতিক ও আর্থিক বিশ্লেষণ)

রাষ্ট্রায়ত্ত খাতের উৎপাদন ও উপাদান আয়

২০১৭-১৮ অর্থবছরে দেশে বিদ্যমান সকল অ-আর্থিক রাষ্ট্রায়ত্ত সংস্থায় মোট পরিচালন রাজস্ব ছিল ১,৭৪,৩৬১.১৪ কোটি টাকা, যা ২০২১-২২ অর্থবছরে বৃদ্ধি পেয়ে ২,২৭,৯৫৩.২৬ কোটি টাকায় দাঁড়িয়েছে। বার্ষিক প্রবৃদ্ধির হার ৬.৯৩ শতাংশ। উক্ত সময়ে ক্রয়কৃত পণ্য ও সেবার মূল্য দাঁড়িয়েছে ১০.৯৫ শতাংশ।

উৎপাদন ব্যয়ের নিরিখে ২০১৭-১৮ অর্থবছরে মূল্য সংযোজনের পরিমাণ ছিল ১৯,৩৭৫.২৪ কোটি টাকা, যা ২০২১-২২ অর্থবছরে বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ২২,৭৮৮.৬৮ কোটি টাকায়। মূল্য সংযোজনের প্রবৃদ্ধির হার ছিল ৪.১৪ শতাংশ। ২০১৭-১৮ অর্থবছরে রাষ্ট্রায়ত্ত খাতে পরিচালন উদ্বৃত্ত ছিল ৬,৪৯২.২৮ কোটি টাকা। ২০২১-২২ অর্থবছরে তা হ্রাস পেয়ে ৪,৮২৭.০০ কোটি টাকায় দাঁড়িয়েছে। সারণি ৯.২ এ ২০১৭-১৮ থেকে ২০২১-২২ পর্যন্ত অ-আর্থিক রাষ্ট্রায়ত্ত খাতের রাজস্ব, মূল্যসংযোজন, উৎপাদনের আয় এবং প্রবৃদ্ধির হার দেখানো হলোঃ

সারণি ৯.২: অ-আর্থিক রাষ্ট্রায়ত্ত খাতের রাজস্ব, মূল্যসংযোজন, উৎপাদনের আয় এবং প্রবৃদ্ধির হার

(কোটি টাকায়)

	২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০	২০২০-২১	২০২১-২২	প্রবৃদ্ধির হার (২০১৭- ১৮ হতে ২০২১-২২)
পরিচালন রাজস্ব	১৭৪৩৬১.১৪	১৭৯৬৩০.৫৪	১৬৬৭২২.২০	১৮১৫০.৮৭	২২৭৯৫৩.২৬	৬.৯৩
ক্রীত পণ্য ও সেবা	১৫৪৯৮৫.৯০	১৬১৫৫৩.৬৫	১৪২৪৮৭.১১	১৬০৪৬০.৩৪	২৩৪৮৫৩.৫০	১০.৯৫
মূল্য সংযোজনঃ উৎপাদন ব্যয়ের হিসাবে	১৯৩৭৫.২৪	১৮০৭৬.৯৯	২৪২৩৫.০৯	২৩৬৯০.৫২	২২৭৮৮.৬৮	৪.১৪
বেতন ও ভাতাদি	৬০৫০.৯৯	৬৯০১.২৫	৬৮৫১.৬৪	৬৩০৮.৩৫	৬১৬৯.৭৫	০.৪৯
অবচয়	৬৮৩১.৯৭	৭৬৯৪.৬৪	১১৬৯৬.৮৮	১০৪৯০.৬১	১১৭৬১.৯৩	১৪.৫৫
পরিচালন (উদ্বৃত্ত/লোকসান)	৬৪৯২.২৮	৩৪৮১.১০	৫৬৮৬.৫৭	৬৮৯১.৫৭	৪৮২৭.০০	-৭.১৪
মূল্য সংযোজন	১৯৩৭৫.২৪	১৮০৭৬.৯৯	২৪২৩৫.০৯	২৩৬৯০.৫২	২২৭৮৮.৬৮	৪.১৪

উৎসঃ মনিটরিং সেল, অর্থ বিভাগ।

নীট মুনাফা/লোকসান

২০১৩-১৪ অর্থবছরে রাষ্ট্রীয় মালিকানাধীন সংস্থার নীট মুনাফা ছিল ৩,৫৩১.১৪ কোটি টাকা। পূর্ববর্তী অর্থবছরে নীট লোকসান ছিল ২,৬০৪.৭৩ কোটি টাকা। পরবর্তী বছরসমূহে রাষ্ট্রীয় মালিকানাধীন সংস্থা মুনাফা অর্জন করে। ২০২১-২২ অর্থবছরে নীট মুনাফা দাঁড়ায় ১,৭০৮.০৬ কোটি টাকা। এ সময় বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) সর্বোচ্চ নীট মুনাফা অর্জন করে, যার পরিমাণ ৩,৮৩০.৬৭ কোটি টাকা। দ্বিতীয় অবস্থানে থাকা চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের নীট মুনাফা দাঁড়ায় ১,৬৪৩.০৪ একাটি টাকা। অন্যদিকে ২০২১-২২ অর্থবছরে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি'র) নীট লোকসান হয়েছে ৩,২৪০.২৮ কোটি টাকা। রাষ্ট্রীয় মালিকানাধীন সংস্থার নীট মুনাফা/লোকসানের বিস্তারিত বিবরণ পরিশিষ্ট ২১.১ ও ২১.২-এ দেখা যেতে পারে।

সরকারি কোষাগারে লভ্যাংশ প্রদান

রাষ্ট্রায়ত্ত সংস্থাসমূহ ২০১৯-২০ অর্থবছরে লভ্যাংশ হিসাবে মোট ১,৪২৪.২১ কোটি টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করে, যা

২০২১-২২ অর্থবছরে হ্রাস পেয়ে ৮৭৯.৮৫ কোটি টাকায় উপনীত হয়। সংশোধিত হিসাব মতে, ২০২২-২৩ অর্থবছরে (২ মে ২০২৩ পর্যন্ত) সরকারি কোষাগারে জমার পরিমাণ ৯৮২.৭৩ কোটি টাকা। রাষ্ট্রায়ত্ত সংস্থাসমূহ কর্তৃক সরকারি কোষাগারে প্রদত্ত লভ্যাংশের বিস্তারিত বিবরণ পরিশিষ্ট-২১.১ ও ২১.২ এ দেখা যেতে পারে।

সরকারি অনুদান/ভর্তুকি প্রদান

সরকার ২০২০-২১ অর্থবছরে ১৬টি রাষ্ট্রীয় সংস্থাকে অনুদান/ভর্তুকি হিসেবে ১,৪০৭.২৬ কোটি টাকা প্রদান করেছে। সংশোধিত হিসাবমতে, ২০২২-২৩ অর্থবছরে ১৬টি রাষ্ট্রীয় সংস্থাকে প্রদত্ত অনুদান/ভর্তুকির পরিমাণ হয়েছে

১,৪২২.৩০ কোটি টাকা। ২০২২-২৩ অর্থবছরে রাষ্ট্রীয় সংস্থাসমূহের মধ্যে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহণ কর্তৃপক্ষকে ৫৩২.৮৫ কোটি টাকা, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনকে ৪৮৮.৭২ কোটি টাকা এবং বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশনকে ১৯০.৭৪ কোটি টাকা ভর্তুকি প্রদান করা হয়। সারণি ৯.৩: এ ২০১৬-১৭ থেকে ২০২২-২৩ (সংশোধিত) অর্থবছর পর্যন্ত বিভিন্ন রাষ্ট্রায়ত্ত সংস্থায় সরকারি অনুদান/ভর্তুকির পরিমাণ দেখানো হলোঃ

সারণি ৯.৩: রাষ্ট্রায়ত্ত সংস্থায় সরকারি অনুদান/ভর্তুকির (প্রত্যক্ষ) পরিমাণ

(কোটি টাকায়)

কর্পোরেশন/প্রতিষ্ঠানের নাম	২০১৬-১৭	২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০	২০২০-২১	২০২১-২২ (সাময়িক)	২০২২-২৩* (সংশোধিত)
বিজেএমসি	৫৫.০৪	৭৭.২৯	৩৫.৮৪	৪১.৩৫	৩৭.৫১	-	-
বিআইডব্লিউটিসি	০.৫০	০.৫০	০.৫০	০.৫০	০.৫০	০.৫০	০.৫০
আরডিএ	০.৫০	১.৫০	৪.০০	৩.০০	৩.০০	৩.১৮	৪.০০
বিআইডব্লিউটিএ	৪১৯.০৬	৪১৭.৩১	৪২৭.৫৯	৫০৪.৭৯	৫০৭.৮৫	৫১৯.২৬	৫৩২.৮৫
বিএসসিআইসি	১৪৪.০৪	১৬৩.৩৪	২০৮.৪৯	১৯৩.৯৮	১৯৭.০০	১৯৪.০৬	১৯০.৭৪
বিএসবি	২২.৩৭	২৩.০৭	২৬.৯৪	৩০.৫০	৩৩.৭০	৩০.০৬	২৬.৬৭
ইপিবি	২৭.৯৫	৩৪.৮৪	২৮.৬৯	২৬.১৮	২৪.৩০	২৫.৪১	২৩.৯০
বিএডিসি	৩৭৬.৯৮	৪০৫.৯৫	৪১৫.৭৪	৪৭৭.২৯	৪৫৬.০০	৪৫৬.৩০	৪৮৮.৭২
এনএইচএ	১৭.০০	১৯.০০	২০.০০	১৮.৭৭	১৯.০০	১৮.৭২	১৯.০২
বেজা	১০.০০	১৪.০০	৭৩.৯৯	৭৩.৯৯	৪৪.১৩	৪৪.১৩	৩২.৮৩
খুলনা ওয়াসা	১৪.১০	১৪.৫০	১৫.৫০	১৫.৫০	১৬.০০	১৬.০০	১৪.০০
রাজশাহী ওয়াসা	১৫.৯১	২৭.৬০	২৩.৭৩	২২.২৭	২৩.৬৪	২৪.১৬	২০.২১
বিএসআরটিআই	৫.৫৬	৬.১১	৬.১৯	৬.৫৬	-	-	-
বিএসএমআরএন	-	৪.৫৯	৫.১৩	৫.৭১	৫.১০	৫.৫৭	৫.৬০
সিবিডিএ	--	৬.৬৫	১২.০০	১২.০০	৭.৫৫	৭.৫৫	৫.১৯
বিটাক		৪৫.২৯	৫৭.৪০	৬২.৫৮	৬২.৫৮	৬২.৩৬	৫৮.০৭
মোট	**১,১০৯.০১**	**১,২৬১.৭৩**	**১,৩৬১.৭৩**	**১,৪৯৪.৯৭**	**১,৪৩৭.৮৬**	**১,৪০৭.২৬**	**১,৪২২.৩০**

উৎসঃ মনিটরিং সেল, অর্থ বিভাগ। * ২৭.০৪.২০২৩ পর্যন্ত

সরকারি দায়-দেনা (Debt Service Liabilities)

অর্থ বিভাগের ডিএসএল অধিশাখা ৩০ জুন, ২০২২ পর্যন্ত ১৩২টি স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত/স্থানীয় (স্ব-শাসিত) সংস্থার বকেয়ার পরিমাণ নির্ধারণ করেছে। হিসাবমতে, ২০২০-২১ অর্থবছরে এসব অ-আর্থিক রাষ্ট্রায়ত্ত সংস্থার নিকট মোট বকেয়ার পরিমাণ দাঁড়ায় ১,৮৩,১৭০.৩৬ কোটি টাকা। সরকারের ডিএসএল পাওনা ও আদায়ের সাময়িক হিসাব পরিশিষ্ট-২৩ এ দেখা যেতে পারে।

ব্যাংক ঋণ

৩০টি রাষ্ট্রীয় সংস্থার নিকট রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংকের ২৮ ফেব্রুয়ারি ২০২৩ পর্যন্ত মোট ৫৯,৭৩০.৯৬ কোটি টাকা ঋণ রয়েছে যার মধ্যে শ্রেণিবিন্যাসিত ঋণের পরিমাণ হচ্ছে ১৮৪.৭৬ কোটি টাকা। যে সকল সংস্থার নিকট রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংকের ঋণ রয়েছে সেগুলো হলো- বিএডিসি (১৩,৮৭৮.৪২ কোটি টাকা), বিসিআইসি (৯,০৬৮.৫১ কোটি টাকা), বিপিসি (৮,৫৬৯.২৮ কোটি টাকা), বিএসএফআইসি (৭,৮০৭.৭১ কোটি টাকা), বিপিডিবি (৬,৮২৭.০৮ কোটি টাকা), টিসিবি (৬,০৯১.৫৫ কোটি টাকা), বিবিসি (৪,৮৫৯.৯৫ কোটি টাকা) এবং বিআইডব্লিউটিসি (৪৮৭.৭৬ কোটি টাকা)। অন্যদিকে, যে সকল সংস্থার নিকট শ্রেণিবিন্যাসিত ঋণ রয়েছে সেগুলোঃ বিজেএমসি (১৩২.১২ কোটি টাকা), বিএডিসি (২১.২৭ কোটি টাকা), বিটিএমসি (২৪.৯ কোটি টাকা)। রাষ্ট্রায়ত্ত সংস্থাসমূহের বকেয়া ও শেণীবিন্যাসকৃত ঋণের ক্রমপুঞ্জি পরিমাণ পরিশিষ্ট-২৪ এ দেখা যেতে পারে।

রাষ্ট্রায়ত্ত খাতের আর্থিক বিশ্লেষণ

রাষ্ট্রায়ত্ত খাতের আর্থিক বিশ্লেষণের ক্ষেত্রে মোট সম্পদের ওপর মুনাফার হার একটি গুরুত্বপূর্ণ মাপকাঠি। কেননা, বাংলাদেশে রাষ্ট্রায়ত্ত খাতের প্রায় সম্পদ ও ঋণ সরকার

অথবা রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংক কর্তৃক যোগান দেয়া হয়ে থাকে। সারণি ৯.৪ এ ২০১৭-১৮ অর্থবছর থেকে ২০২১-২২ অর্থবছর পর্যন্ত রাষ্ট্রায়ত্ত খাতের অর্জিত মুনাফার পরিমাণ দেখানো হলো:

সারণি ৯.৪: রাষ্ট্রায়ত্ত খাতের অর্জিত মুনাফা

(কোটি টাকায়)

	২০১৭-১৮	২০১৮-১৯	২০১৯-২০	২০২০-২১	২০২১-২২*	প্রবৃদ্ধির হার (২০১৭-১৮ হতে ২০২১-২২)
১। পরিচালন রাজস্ব	১৭৪৩৬১.১৪	১৭৯৬৩০.৬৪	১৬৬৭২২.২০	১৮৪১৫০.৮৭	২২৭৯৫৩.২৬	৫৬.৯৩
২। পরিচালন উদ্বৃত্ত	৬৪৯২.২৮	৩৪৮১.১০	৫৬৮৬.৫৭	৬৮৯১.৫৭	৪৮২৭.০০	-৭.১৪
৩। পরিচালন বহির্ভূত রাজস্ব	৪০৩৮.০২	৪৬৮৯.২৮	৫২৩৪.৬০	৫৬৭০.৪৩	৫৩২১.৯৯	৭.১৫
৪। কর্মচারি অংশীদারী তহবিল	৯১.০৯	৭৭.২৬	৭৫.৫১	৭০.৭৫	৭৪.৩	-৪.৯৭
৫। সুদ	৩৪০৫.৪৩	৩৮৫১.৩৮	৩৯৫৬.৬৯	৪০৭৬.২১	৪৬৫১.৯৯	৮.১১
৬। করপূর্ব নীট লাভ/লোকসান	৬৭৯৩.৯২	১২১১৫.৮০	১৪২৯৩.১০	২০২৭২.৭৫	৪৮০৮.৫৫	-৮.২৮
৭। কর	১৬২১.১৬	১৪৩৮.৫৭	৩৫৮২.১৪	৫১১৩.১৪	৩১০০.৪৯	১৭.৬০
৮। কর উত্তর নীটলাভ/ লোকসান	৫১৭২.৭৬	১০৬৭৭.২৩	১০৭১০.৯৬	১৫১৫৯.৬১	১৭০৮.০৬	-২৪.২০
৯। লভ্যাংশ (ডিভিডেন্ড)	১০১০.৭৮	৯২০.০৬	১৪২৪.২১	১২৭৮.৮১	৮৭৯.৮৪	-৩.৪১
১০। সংরক্ষিত আয়	৪১৬১.৯৮	৯৩৪৮.৫৩	৯২৮৬.৭৫	১৩৪৫৫.০২	৮২৮.২২	-৩৩.২১
১১। মোট বিনিয়োগ/ফান্ড	৪৩৩৫৮৮.১৬	৫০৯৬৫১.০৫	৫৫৫৭৮০.২৭	৫৮৭৮৪৩.৪৪	৬৬১০০৭.৭৪	১১.১২
১২। ইক্যুইটি	৭১৮৮৩.১৩	১২২১৯২.৭১	১৭৮০৯২.৬২	২০৯৯৬৫.০৯	২০২১৩৫.৪৯	২৯.৫০
১৩। মোট সম্পদের উপর পরিচালন মুনাফার হার(২/১২)	১.৫০	০.৬৮	১.০২	-৪.৩৫	০.৭৩	-১৬.৪৩
১৪। পরিচালন রাজস্বের ওপর নীট মুনাফার হার (৯/১)	২.৯৭	৫.৯৪	৬.৪২	৬.৬৯	০.৭৫	-২৯.৪৩
১৫। ইকুইটির ওপর লভ্যাংশের হার (১০/১৩)	১.৪১	০.৭৫	০.৮০	০.৬১	০.৪৪	-২৫.৪১
১৬। মোট সম্পদের টার্নওভার (১/১২)	০.৪০	০.৩৫	০.৩০	০.৩৯	০.৩৪	-৩.৭৭

উৎসঃ মনিটরিং সেল, অর্থ বিভাগ। * সাময়িক।

লেখচিত্রঃ ৯.১ মোট সম্পদের উপর পরিচালন লোকসান ও মুনাফার হার এবং ইক্যুইটির উপর লভ্যাংশের হার



উৎসঃ মনিটরিং সেল, অর্থ বিভাগ।

সারণি ৯.৪ হতে দেখা যায় যে, রাষ্ট্রায়ত্ত খাতের মোট সম্পদের ওপর পরিচালন মুনাফার হার ২০১৭-১৮ অর্থবছরে ছিল ১.৫০ শতাংশ যা ২০২১-২২ অর্থবছরে ০.৭৩ শতাংশে দাঁড়িয়েছে। ২০১৭-১৮ অর্থবছরে পরিচালন রাজস্বের ওপর নীট মুনাফার হার ছিল ২.৯৭ শতাংশ, যা ২০২১-২২ অর্থবছরে ০.৭৫ শতাংশে দাঁড়িয়েছে। ইক্যুইটির উপর লভ্যাংশের হার ২০১৭-১৮ অর্থবছরে ছিল ১.৪১ শতাংশ, যা ২০২১-২২ অর্থবছরে ০.৪৪ শতাংশে দাঁড়িয়েছে। সম্পদের টার্নওভার পর্যালোচনা করলে দেখা যায়, ২০২১-২২ অর্থবছরের সম্পদ ব্যবহারের দক্ষতা (০.৩৪%) ২০১৯-২০ অর্থবছরের (০.৩০ %) তুলনায় বৃদ্ধি পেয়েছে।